

এসইআইপি প্রকল্পের দক্ষতাবিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য টিএমএসএস অ্যাওয়ার্ড গ্রহণ

বগুড়া অফিস

০৫ জানুয়ারি ২০১৬, মঙ্গলবার, ০০:০০



স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (এসইআইপি) আওতায় প্রশিক্ষণের জন্য নির্বাচিত হয়েছে টিএমএসএস। বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমানের কাছ থেকে নোটিফিকেশন অ্যাওয়ার্ড গ্রহণ করেন টিএমএসএস নির্বাহী পরিচালক অধ্যাপিকা ড. হোসনে আরা বেগম।

নতুন উদ্যোক্তা তৈরিতে নির্বাচিত এনজিওর মাধ্যমে শিক্ষিত বেকার জনগোষ্ঠীকে দক্ষ করার প্রশিক্ষণ কর্মসূচি হাতে নিয়েছে সরকার। আগামী তিন বছরে সারা দেশে পাঁচটি সেক্টরে আইসিটি, গার্মেন্ট, লাইট ইঞ্জিনিয়ারিং, অটো মোবাইল ও ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিক্যাল মেইন্টিন্যান্স মোট ১২টি ট্রেড কোর্সে আউটসোর্সিংয়ের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হবে।

গত রোববার বাংলাদেশ ব্যাংকের প্রধান ভবন মতিঝিল ঢাকায় জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে নোটিফিকেশন অ্যাওয়ার্ড হস্তান্তর ও প্রশিক্ষণকার্যক্রমের উদ্বোধন করা হয়। এসইআইপি প্রকল্পের জন্য সারা দেশ থেকে ১৫৭টি প্রতিষ্ঠান আবেদন করে। এর মধ্য থেকে টিএমএসএস-সহ আটটি প্রতিষ্ঠান নির্বাচিত হয়। নির্বাচিত প্রতিষ্ঠানগুলোর মধ্যে টিএমএসএস বেশি কাজ পেয়েছে।

ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের নির্বাহী পরিচালক নির্মলচন্দ্র ভক্তের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ডেপুটি গভর্নর এস কে সুর চৌধুরী, অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও

প্রকল্পের জাতীয় পরিচালক জালাল আহমেদ, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক আব্দুর রউফ তালুকদার, এবিবির চেয়ারম্যান আনিস এ খান, নন ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের নির্বাহীদের সংগঠনের প্রেসিডেন্ট মফিজ উদ্দিন সরকারসহ বিভিন্ন এনজিওর নির্বাহী কর্মকর্তারা।



সম্পাদকঃ আলমগীর মহিউদ্দিন, প্রকাশকঃ শামসুল হুদা
১৬৭/২-ই, ইনার সার্কুলার রোড, ইডেন কমপ্লেক্স, মতিঝিল, ঢাকা-১০০০।
ফোন: ৭১৯১০১৭-৯, ৭১৯৩৩৮৩-৪

সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত | নয়া দিগন্ত ২০১৫